

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।  
[www.ansarvdp.gov.bd](http://www.ansarvdp.gov.bd)

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৪.৮৬১২.৮০. ১৪৫২  
অফিস আদেশ

তারিখঃ ২৩/০৯/ ১৪২৫ বঙ্গাব্দ।  
২৭/১৫ ২০১৮ খ্রিস্টাব্দ।

জনাব মোঃ আজহার হোসেন, পেইন্টার, প্রকৌশল শাখা, সদর দপ্তর, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা'কে গণ কর্মচারী (অবঃ) আইন ১৯৭৪ এর ৭ ধারার সংশোধনী আদেশ স্মারকঃ অম/অবি/প্রবি-১/চাঃ বিঃ৩/২০১০(অংশ-৩)/১২৯, তারিখঃ ২৯/০৭/২০১০ খ্রিস্টাব্দ এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ) ২৮মে/২০০৫ এর ৬ অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ-(১৩) মোতাবেক আগামী ০১/০১/২০১৯ খ্রিঃ হতে ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো এবং এ ছুটি ভোগ শেষে তিনি যথাবিধি পেনশন ও আনুতোষিকের আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

২। বাজেট ও হিসাবরক্ষণ কর্মকর্তা (আনসার), সদর দপ্তর, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা কর্তৃক প্রত্যয়নকৃত ছুটির হিসেব মোতাবেক সংশ্লিষ্ট কর্মচারীর পূর্ণ গড় বেতনে ০১ (এক) বছর ০৪ (চার) মাস ১২ (বার) দিন এবং অর্ধগড়বেতনে ০২ (দুই) বছর ০৭ (সাত) মাস ১১ (এগার) দিন অর্জিত ছুটি পাওনা আছে। উক্ত অর্ধ গড় বেতনের ছুটিকে গড় বেতনের ছুটিতে রূপান্তর করে ০১ (এক) বছর ০৩ (তিন) মাস ২০ (বিশ) দিন করা হলো। তার গড় বেতন ও অর্ধ গড় বেতনের ছুটিসহ মোট গড় বেতনে ০২ (দুই) বছর ০৮ (আট) মাস ০২ (দুই) দিন অর্জিত ছুটি পাওনা আছে।

৩। একই সাথে তাকে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ) ১৫ ডিসেম্বর/২০১৫ এর ১০ অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ (২) এর (খ) মোতাবেক পিআরএল ব্যতীত অবশিষ্ট পাওনা অর্জিত ছুটির পরিবর্তে লাম্প গ্রান্ট হিসেবে সর্বোচ্চ ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা থেকে উত্তোলনের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তঃ ১। ছুটি হিসাবের কপি- ০১ পাতা  
২। চাকরি বহির ৩য় পৃষ্ঠার সত্যায়িত ফটোকপি- ০১ পাতা।

মোঃ মনজুর মোর্শেদ  
সহকারী পরিচালক (রেকর্ড)  
দূরালোপনীঃ ৫৫১২০৫৯৪, ফ্যাক্সঃ ৭২১৪৮০৫  
[directorecord@yahoo.com](mailto:directorecord@yahoo.com)

তারিখঃ ২৩/০৯/ ১৪২৫ বঙ্গাব্দ।  
২৭/১৫ ২০১৮ খ্রিস্টাব্দ।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৪.৮৬১২.৮০. ১৪৫২

অনুলিপি :

- ১। পরিচালক (প্রশাসন/অর্থ)  
সদর দপ্তর, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী  
সদর দপ্তর, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। আইসিটি শাখা, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৫। জনাব মোঃ আজহার হোসেন  
পেইন্টার  
প্রকৌশল শাখা  
সদর দপ্তর, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা
- ৬। দপ্তর/মূল নথি।

সদয় অবগতির জন্য।

অবগতি ও কার্যক্রমের জন্য।

ওয়েব সাইটে প্রকাশের জন্য।

সহকারী পরিচালক (রেকর্ড)